



বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল (বিএসি)

বিএসএল অফিস কমপ্লেক্স-২ (৩য় তলা)

১ মিন্টো রোড, রমনা, ঢাকা-১০০০

www.bac.gov.bd

Workshops on Quality Assurance and Accreditation in Higher Education and BAC Accreditation Standards and Criteria

তারিখঃ ২৯ ও ৩০ ডিসেম্বর ২০২৪ খ্রি.

গত ২৯ ও ৩০ ডিসেম্বর ২০২৪ খ্রি তারিখে বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের আয়োজনে বিএসি এর কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়েছেঃ “**Quality Assurance and Accreditation in Higher Education এবং BAC Accreditation Standards and Criteria**” বিষয়ক দুইটি কর্মশালা। কর্মশালা দুটিতে উপস্থিত ছিলেন বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের চেয়ারম্যান প্রফেসর ড. মেসবাহউদ্দিন আহমেদ, পূর্ণকালীন সদস্য প্রফেসর ড. এস, এম, কবীর, প্রফেসর ড. গুলশান আরা লতিফা এবং প্রফেসর ড. মো: গোলাম শাহি আলম। এ ছাড়া উপস্থিত ছিলেন ১৪ টি বিশ্ববিদ্যালয়ের IQAC’র পরিচালক, অতিরিক্ত পরিচালক, কাউন্সিলের পরিচালক, উপপরিচালক এবং সহকারী পরিচালকবৃন্দ। কর্মশালার শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন কাউন্সিলের সচিব প্রফেসর এ. কে. এম. মুনিরুল ইসলাম। ২৯ ডিসেম্বর ২০২৪ খ্রি তারিখে কর্মশালায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন কাউন্সিলের চেয়ারম্যান প্রফেসর ড. মেসবাহউদ্দিন আহমেদ এবং পূর্ণকালীন সদস্য প্রফেসর ড. এস, এম, কবীর। তিনি উচ্চ শিক্ষায় অ্যাক্রেডিটেশনের গুরুত্ব এবং এতদসংশ্লিষ্ট বিষয়ে উচ্চ শিক্ষার গুনগতমান উন্নয়ন সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। পরবর্তীতে আলোচক হিসেবে পূর্ণকালীন সদস্য প্রফেসর ড. গুলশান আরা লতিফা এবং প্রফেসর ড. মো: গোলাম শাহি আলম আলোচনায় অংশ নেন। ৩০ ডিসেম্বর ২০২৪ খ্রি তারিখে কর্মশালায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন পূর্ণকালীন সদস্য প্রফেসর ড. এস, এম, কবীর। তিনি উচ্চ শিক্ষায় অ্যাক্রেডিটেশন সম্পর্কিত নীতি এবং অনুশীলন বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। পরবর্তীতে আলোচক হিসেবে কাউন্সিলের চেয়ারম্যান প্রফেসর ড. মেসবাহউদ্দিন আহমেদ পূর্ণকালীন সদস্য প্রফেসর ড. গুলশান আরা লতিফা এবং প্রফেসর ড. মো: গোলাম শাহি আলম আলোচনায় অংশ নেন। কর্মশালার প্রশ্নোত্তর পর্বে কর্মশালায় উপস্থিত কাউন্সিলের সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ অ্যাক্রেডিটেশন সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে প্রশ্ন করেন এবং কর্মশালার মূল প্রবন্ধ উপস্থাপক তাদের সকল প্রশ্নের প্রেক্ষিতে বিভিন্ন বিষয়ে পরামর্শ প্রদান করেন।



বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল (বিএসি)

বিএসএল অফিস কমপ্লেক্স-২ (৩য় তলা)

১ মিন্টো রোড, রমনা, ঢাকা-১০০০

www.bac.gov.bd





বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল (বিএসি)

বিএসএল অফিস কমপ্লেক্স-২ (৩য় তলা)

১ মিন্টো রোড, রমনা, ঢাকা-১০০০

www.bac.gov.bd





বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল (বিএসি)

বিএসএল অফিস কমপ্লেক্স-২ (৩য় তলা)

১ মিন্টো রোড, রমনা, ঢাকা-১০০০

www.bac.gov.bd

